গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
সরকারি পরিবহন পুল ভবন
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।
(আইসিটি শাখা)
www.molwa.gov.bd

বিষয়: মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির, বাস্তবায়ন অগ্রগতি অক্টোবর,২০১৮ মাসের সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব শেখ মিজানুর রহমান, অতিরিক্ত সচিব (প্রশাসন)
সভার তারিখ : ০৬/১১/২০১৮ খ্রিঃ
সভার সময় : সকাল- ১০:৩০ টা
স্থান : সভাকক্ষ, (৬ষ্ঠ তলা, কক্ষ নং-৬০৫)
উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য যুগ্মসচিব (আইসিটি) ও কমিটির সদস্য সচিব-কে অনুরোধ জানান। কমিটির সদস্য সচিব আলোচ্যসূচি অনুযায়ী সভার শুরুতেই বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন বা সংযোজন না থাকায় তা সর্ব সম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।অতঃপর সভার অন্যান্য আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়:

ক্র: নং:	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১।	মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি এর অক্টোবর,২০১৮ মাসের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন	১.১: বর্তমান অর্থবছরের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অক্টোবর,২০১৮ বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে সংশ্লিষ্ট শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে প্রতিবেদন আইসিটি শাখায় প্রেরণ করায় সভায় ধন্যবাদ জানান হয়।	১। অতিরিক্ত সচিব (উন্নয়ন), মুবিম ২। মহাপরিচালক, বিআরডিবি ৩। যুগ্মসচিব (গেজেট,সনদ ও প্রত্যয়ন/উন্নয়ন), মুবিম ৪। উপ-সচিব (প্রশাসন-১ / হিসাব / গেজেট / সনদ / প্রত্যয়ন / প্রশিক্ষণ / বাজেট / লাইব্রেরী) মুবিম। ৫। উপ-প্রধান, মুবিম। ৬। সিনিয়র সহকারী সচিব (প্রত্যয়ন / প্রশাসন), মুবিম
		১.২: (ক) বার্ষিক কর্মসম্পাদন চুক্তির [১.৭.১] নং সূচকে মুক্তিযোদ্ধা ও তাদের সন্তান-সন্ততিদের মধ্যে ক্ষুদ্রঋণ বিতরণের হার নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জন তুলনামুলক কম হওয়ায় ঋণ বিতরণের হার বৃদ্ধির জন্য মহাপরিচালক, বিআরডিবি'র পুনরায় বিশেষ দৃষ্টি আকর্ষণ করা হয়। (খ) লাইব্রেরী শাখা কর্তৃক বাস্তবায়নযোগ্য এপিএ-এর [৩.৭.১] নং সূচকে মুক্তিযুদ্ধ ভিত্তিক বই-পুস্তক বিতরণ-এর পরিমান লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জন তুলনামূলক কম হওয়ার বিষয়ে জানতে চাইলে উপসচিব (ইতিহাস গবেষণা ও সংরক্ষণ), জানান বিভিন্ন পাঠাগারে চিঠি প্রেরণ করা হয়েছে কিন্তু পর্যাপ্ত পরিমানে চাহিদা না আসায় অর্জন কম হয়েছে। মুক্তিযুদ্ধ বিষয়ক বই-পুস্তক বিতরণের পরিমান বৃদ্ধি করার জন্য উপসচিব (ইতিহাস গবেষণা ও সংরক্ষণ)'কে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। (গ) প্রশিক্ষণ শাখা কর্তৃক বাস্তবায়নযোগ্য এপিএ-এর [৪.১.১] নং সূচকে আইটি ব্যবহারে প্রশিক্ষত ও দক্ষ জনবল তৈরীর লক্ষ্যমাত্রার অর্জন শুন্য থাকায় অসন্তোষ প্রকাশ করা হয় এবং ৬ ডিসেম্বর,২০১৮ মাসের মধ্যে আইটি প্রশিক্ষণ ব্যবস্থা করার জন্য উপসচিব (প্রশিক্ষণ)-কে নির্দেশনা প্রদান করা হয়।	১। অতিরিক্ত সচিব (উন্নয়ন/গেজেট, সনদ, প্রত্যয়ন), মুবিম ২। যুগ্মসচিব (উন্নয়ন/আইসিটি) মুবিম ৩। উপ-প্রধান, মুবিম
		১.৩: [১.৯.১] নম্বর কর্মসম্পাদন সূচকে হাট-বাজারের ইজারালব্ধ প্রাপ্ত ৪% অর্থ মুক্তিযোদ্ধাদের কল্যাণে বরাদ্দের লক্ষ্যমাত্রা অর্জিত হওয়ায় আটটি বিভাগের ষোলটি জেলার চেক প্রাপ্তি স্বীকারের প্রমাণকসমূহ আইসিটি শাখায় প্রেরণ করার জন্য উপসচিব (হিসাব)'কে পুনরায় অনুরোধ জানান হয়।	
		১.৪: পরিকল্পনা শাখা কর্তৃক বাস্তবায়নযোগ্য ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির [২.৪.১] নম্বর সূচকে ঐতিহাসিক স্থানসমূহে নির্মিত ও	

		সংরক্ষণকৃত স্মৃতি জাদুঘর-এর অর্জন তুলনামুলক কম হওয়ায় সভায় উদ্বেগ প্রকাশ করা হয় এবং পরবর্তী মাসে লক্ষ্যমাত্রা অর্জন করার পরামর্শ প্রদান করা হয়। [১.১৩.১] নম্বর সূচকে বর্ণিত কার্যক্রমে "ভূমিহীন ও অসচ্ছল মুক্তিযোদ্ধার আবাসন সংকট নিরসনের জন্য বহুতল ভবন অবকাঠামো নির্মাণ" প্রকল্পের বিষয়ে জানতে চাইলে উপপ্রধান (পরিকল্পনা) সভায় জনান যে, প্রকল্পটি প্রত্যাহারের জন্য পরিকল্পনা কমিশনে পত্র প্রেরণ করা হয়েছে। এ মন্ত্রণালয়ের এপিএ কৌশলগত উদ্দেশ্য কার্যক্রম থেকে ১.১৩.১ সূচকটি প্রত্যাহার করার জন্য গত ১৩-০৯-২০১৮ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে কিন্তু অদ্যবধি কোন জবাব পাওয়া যায়নি। মন্ত্রিপরিষদ বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখার জন্য যুগ্মসচিব (আইসিটি)কে অনুরোধ জানান হয়। [১.১৪.১] নম্বর সূচকে বর্ণিত নির্মিত জেলা কমপ্লেক্স ভবন ও [১.১৪.২] নম্বর সূচকে বর্ণিত নির্মিত উপজেলা কমপ্লেক্স ভবন এবং [২.৪.১] নম্বর সূচকে বর্ণিত ঐতিহাসিক স্থানসমূহে নির্মিত ও সংরক্ষণকৃত স্মৃতি জাদুঘর-এর অর্জন সন্তোষজনক না হওয়ায় লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত ব্যবস্থা গ্রহণের জন্য প্রকল্প পরিচালকগনের দৃষ্টি আকর্ষণ করা হয়।	
		১.৫: বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের ২০১৮-১৯ অর্থবছরের প্রণীত এপিএ অনুযায়ী বর্ণিত কর্মসম্পাদন সূচকসমূহের অর্জন যথাযথ হওয়ায় ব্যবস্থাপনা পরিচালক, বাকুমট্রা-কে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট-এর দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা-কে প্রতি মাসের ৫ (পাঁচ) তারিখের মধ্যে পত্রের মাধ্যমে প্রমাণকসহ অর্জন প্রতিবেদন এ মন্ত্রণালয়ের আইসিটি শাখায় প্রেরণ অব্যাহত রাখার জন্য অনুরোধ জানান হয়।	১।ব্যবস্থাপনা পরিচালক, বামুকট্রা
		১.৬: জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল-এর ২০১৮-১৯ অর্থবছরের প্রণীত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী [৩.৫.২] নম্বর সূচকে পরিদর্শিত নিবন্ধিত সমিতি পরিদর্শন অগ্রগতি লক্ষ্যমাত্রা অনুযায়ী তুলনামুলক কম হওয়ায় সভায় অসেন্তাষ প্রকাশ করা হয়। অর্জন কম হওয়ার কারণ জানতে চাইলে জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল-এর প্রতিনিধি জানান যে ডিসেম্বর,২০১৮-এর মধ্যে অর্জন বৃদ্ধি পাবে। জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল-এর দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা-কে প্রতি মাসের ৫ তারিখের মধ্যে পত্রের মাধ্যমে প্রমাণকসহ অর্জন প্রতিবেদন এ মন্ত্রণালয়ের আইসিটি শাখায় প্রেরণ অব্যাহত রাখার জন্য পুনরায় অনুরোধ জানান হয়।	১। মহাপরিচালক, জামুকা
		১.৭: মুক্তিযুদ্ধ জাদুঘর-এর ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী [২.৪.১] নম্বর সূচকে ঐতিহাসিক স্থানসমূহে নির্মিত ও সংরক্ষণকৃত স্মৃতি জাদুঘর ও [৩.১.১] নম্বর সূচকে প্রমান্যচিত্র প্রদর্শিত দর্শনার্থী অর্জন তুলনামূলক কম হওয়ায় অসন্তাষ প্রকাশ করেন এবং অর্জন প্রতিবেদন বৃদ্ধি করা জন্য পরামর্শ প্রদান করা হয়। [৩.৩.১] নম্বর সূচকে জাতীয় ও আন্তর্জাতিক সেমিনার/ওয়ার্কসপ আয়োজনের অগ্রগতি শূন্য হওয়ায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয় এবং সূচকসমূহের লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের মধ্যে অর্জিত হয় সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য মুক্তিযুদ্ধ জাদুঘর কর্তৃপক্ষকে অনুরোধ জানান হয়। প্রকল্প পরিচালক "নতুন প্রজন্মকে মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধকরণ" কে মুক্তিযুদ্ধ জাদুঘরের এপিএ সংক্রান্ত অগ্রগতি প্রতিবেদন অনুলিপি প্রতিমাসে প্রেরণের জন্য পুনরায় অনুরোধ করা হয়।	১। ট্রাস্টি ও সদস্য সচিব, মুক্তিযুদ্ধ জাদুঘর ২। প্রকল্প পরিচালক, নতুন প্রজন্মকে মুক্তিযুদ্ধোর চেতনায় উদ্বুদ্ধকরণ;
২।	আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা	২.১: মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক আরোপিত আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ বাস্তবায়নের জন্য মন্ত্রণালয়/বিভাগে ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন কার্যক্রমের অধীনে [১.১.৩] নম্বর সূচকে ই-ফাইলে পত্র জারিকৃত সংখ্যা মন্ত্রিপরিষদ কর্তৃক নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী কম হওয়ায় অসন্তোষ প্রকাশ করা হয়। নথি নিষ্পত্তি ও পত্র জারির পরিমান শতভাগ বৃদ্ধি করার জন্য পুনরায় নির্দেশনা প্রদান করা হয়। [১.৪.১] নম্বর কর্মসম্পাদন সূচকে বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণয়নের কাজ নির্ধারিত	১। সকল অনুবিভাগ প্রধান, মুবিম ২। সকল শাখা প্রধান, মুবিম ৩। উপ-প্রধান, মুবিম

		সময়ের মধ্যে সম্পন্ন করার অনুরোধ জানান হয়। [১.৪.২] নম্বর কর্মসম্পাদন সূচকে বিনষ্টকৃত নথির সংখ্যা সকল শাখা/অনুবিভাগ হতে সংগ্রহ করে আইসিটি শাখায় প্রেরণের জন্য যুগ্মসচিব (প্রশাসন)-কে অনুরোধ জানান হয়। [১.৫.১] নম্বর কর্মসম্পাদন সূচকে সিটিজেন চার্টার হালনাগাদকরণসহ হালনাগাদকৃত সিটিজেনস চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা প্রদান, [১.৬.২] নম্বর সূচকে অভিযোগ নিষ্পত্তির বিষয়ে অভিযোগকারীকে অবহিতকরণের জন্য সংশ্লিষ্ট শাখা/অধিশাখাসমূহকে পত্রের মাধ্যমে অভিযোগকারীকে জানিয়ে দেওয়ার জন্য পুনরায় নির্দেশনা প্রদান করা হয়। [২.২.২] নম্বর কর্মসম্পাদন সূচকে অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদ, [২.৫.১] নম্বর কর্মসম্পাদন সূচকে ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন, [২.৭.১] নম্বর কর্মসম্পাদন সূচকে বিদ্যুৎ বিল পরিশোধ, [২.৮.১] নম্বর কর্মম্পাদন সূচকে শুন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান, এবং [৩.৩.১] সূচকে বার্ষিক প্রতিবেদন প্রস্তুত ও ওয়েবসাইটে প্রকাশ-এর নিমিত্ত কার্যক্রম সম্পন্ন করার জন্য যুগ্মসচিব (প্রশাসন)-কে পুনরায় নির্দেশনা প্রদান করা হয়। ২.২: মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক আরোপিত আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ বাস্তবায়নের জন্য [১.২.১] সূচকে ন্যূনতম একটি নতুন ই-সার্ভিস চালু করার বিষয়ে আগামী ০৭ দিনের মধ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ফোকাল পয়েন্ট ইনোভেশনকে পুনরায় নির্দেশনা প্রদান করা হয়। ২.৩: মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক আরোপিত আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ বাস্তবায়নের জন্য [১.৩.১] সূচকে ডাটাবেজ অনুযায়ী নূন্যতম দুটি নতুন উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প আগামী ১১-০৩-২০১৯ তারিখের মধ্যে সম্পন্ন করার জন্য যুগ্মসচিব(অডিট) ও ফোকাল পয়েন্ট (SIP)'কে পুনরায় নির্দেশনা প্রদান করা হয়। [২.১.১] সূচকে ত্রিপক্ষীয় সভায় নিষ্পত্তির জন্য সুপারিশকৃত অডিট আপত্তি ও [২.১.২] অডিট আপত্তি নিষ্পত্তির ক্ষেত্রে প্রতিবেদন শূন্য থাকায় নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ব্যবস্থা গ্রহণ করতে অডিট শাখাকে পুনরায় নির্দেশনা প্রদান করা হয়। ২.৪: মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক আরোপিত আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ বাস্তবায়নের জন্য [২.৩.১] কর্মসম্পাদন সূচকে বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন ও [২.৩.২] সূচকে ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন-এর নির্দিষ্ট লক্ষমাত্রা অর্জন করার জন্য উপসচিব(বাজেট)-কে পুনরায় নির্দেশনা প্রদান করা হয়। ২.৫: মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক আরোপিত আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ বাস্তবায়নের জন্য [২.২.১] নম্বর সূচকে স্থাবর সম্পত্তির (জেলা, উপজেলা কমপ্লেক্স) তালিকা হালনাগাদকরণ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য উন্নয়ন শাখা-কে পুনরায় নির্দেশনা প্রদান করা হয়। ২.৬ মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক আরোপিত আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ বাস্তবায়নের জন্য [২.৬.১] নম্বর সূচকে অব্যবহৃত/অকেজো যানবাহন বিদ্যমান নীতিমালা অনুযাযী নিষ্পত্তি করার জন্য উন্নয়ন শাখাকে নির্দেশনা প্রদান করা হয়। ২.৭: এ মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের নিজস্ব কৌশলের কর্মসূচক-এর অগ্রগতি প্রতিবেদনের সংঙ্গে ২০১৮-১৯ অর্থবছরের এপিএ'তে আবশ্যিক কৌশলের উদ্দেশ্যে বাস্তবায়নের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ হতে বাধ্যতামূলক ২৫ নম্বর নির্ধারিত রয়েছে। আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের পূর্ণাঙ্গ নম্বর অর্জনে এ মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহর মনোযোগী হওয়ার জন্য পুনরায় দৃষ্টি আকর্ষণ করা হয়। বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন পরবর্তী মাসের ৫ (পাঁচ) তারিখের মধ্যে নির্ধারিত ছকে প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট সকলের বিশেষ দৃষ্টি আকর্ষণ করা হয়।	
৩।	জি আর এস প্রতিবেদনের বিষয়ে	৩.১: নির্ধারিত ফরমেটে (পরিশিষ্ট-গ) সকল শাখা/দপ্তর/সংস্থাসমূহ হতে মাসিক 'জি আর এস' প্রতিবেদন পরবর্তী মাসের ৫ (পাঁচ) তারিখের মধ্যে আইসিটি শাখায় প্রেরণ	১।মহাপরিচালক, জামুকা ২।ব্যবস্থাপনা পরিচালক, বামুকট্রা